# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

## Date: 12.04.24 Time: 07.35 A.M.

বিশেষ বিশেষ খবর –

১) লোকসভা ভোটের প্রথম দফায় উত্তরবঙ্গের তিন আসনে কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি ১০ হাজারের বেশি রাজ্য পুলিশ মোতায়েন করবে নির্বাচন কমিশন।

ভোটের দিনগুলিতে কমিশন কেন্দ্রীয় বাহিনীর গতিবিধির ওপর নজর রাখবে।

২) তৃতীয় দফার লোকসভা নির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হচ্ছে। এই পর্যায়ে এরাজ্যের ৪-টি আসনে ভোট নেওয়া হবে।

৩) ভোটের প্রচারে আজ কোচবিহার ও আলিপুরদুয়ারে জনসভা করবেন মুখ্যমন্ত্রী।

৪) আর্থিক অনিয়ম সহ বিভিন্ন ক্ষেত্রে অস্বচ্ছতার অভিযোগ ওঠায় রাজ্য সরকার বি এড বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে তদন্ত কমিটি গঠন করেছে।

একে চ্যালেঞ্জ জানিয়ে আদালতের দ্বারস্থ হয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

৫) আইএসএলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট ৪-০ গোলে ব্যাঙ্গালুরু এফসিকে হারিয়ে শিল্ড জয়ের সম্ভাবনা উজ্জ্বল করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা ভোটের প্রথম দফায় উত্তরবঙ্গের তিন আসনে ২৬৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি দশ হাজারের বেশি রাজ্য পুলিশ মোতায়েনের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। এই দফায় আগামী উনিশে এপ্রিল আলিপুরদুয়ার, জলপাইগুড়ি ও কোচবিহারে ভোটগ্রহণের আগে ১৬ এপ্রিল এর মধ্যেই পুলিশ কর্মীরা যাতে সেখানে পৌঁছে যায়, সে ব্যাপারে রাজ্য পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে,  প্রথম দফায় দশ হাজার ৮৭৫ জন রাজ্য পুলিশের মধ্যে তিন হাজার ৯৫৭ জন সশস্ত্র পুলিশকে বিভিন্ন ভোটগ্রহন কেন্দ্রে মোতায়েন রাখা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটের দিন গুলিতে কেন্দ্রীয় বাহিনীর গতিবিধির ওপর নজর রাখবে নির্বাচন কমিশন। এই প্রথম, ভোটের আটচল্লিশ ঘণ্টা আগে থেকে ভোট শেষ হওয়া পর্যন্ত কেন্দ্রীয় বাহিনীর গতিবিধির ওপর নিজস্ব সার্ভেলেন্স টিম মারফত নজরদারি চালানো হবে বলে কমিশন সূত্রে জানা গেছে। কেন্দ্রীয় বাহিনীকে কাজে লাগানো ও তার গতিবিধি নিয়ে রাজনৈতিক দলগুলির অভিযোগের প্রেক্ষিতেই এই সিদ্ধান্ত ।

০০০০০০০০০০০০০০০০০০০০

তৃতীয় দফার লোকসভা নির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হচ্ছে। এই পর্যায়ে ভোট গ্রহণ ৭-ই মে। পশ্চিমবঙ্গের ৪-টি আসন – মালদা উত্তর, মালদা দক্ষিণ, জঙ্গিপুর ও মুর্শিদাবাদে এই দফায় ভোট নেওয়া হবে। একই

সঙ্গে ভোটগ্রহণ করা হবে  ভগবানগোলা বিধানসভা আসনের উপ-নির্বাচনেও।

১৯-শে এপ্রিল পর্যন্ত প্রার্থী পদ দাখিল করা যাবে। নাম প্রত্যাহারের শেষ দিন ২২ শে এপ্রিল।

০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচনী রাজনীতিতে কুকথা আর অসৌজন্যের পরিচিত ছবিটা বদলে দিলো খুশির ঈদ। রাজনীতির ময়দানে যুযুধান দু পক্ষকে নিয়ে এল এক আঙ্গিনায়। আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – তনুশ্রী)

ঈদ উল ফিতরের দিন সৌজন্যের এরকম দৃশ্য অন্যত্রও চোখে পড়েছে।

রাজনৈতিক মতভেদ থাকলেও একসঙ্গে খুশির ঈদ পালন করলেন মালদার গনিখান চৌধুরী পরিবারের সদস্যরা। কোতোয়ালির গনিভবনে উৎসবে সামিল হতে দেখা যায় দক্ষিণ মালদার কংগ্রেস প্রার্থী ইশা খান চৌধুরীর পরিবার এবং তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ মৌসম বেনজির নূরের পরিবারকে।

গতকাল হাওড়া লোকসভা কেন্দ্রের সিপিআইএম প্রার্থী সব্যসাচী চ্যাটার্জী টিকিয়াপাড়া, উনসানি, চওড়া বস্তি ও পিএম বস্তিতে গিয়ে সকলকে ঈদের শুভেচ্ছা জানান। ভোটবাগান হয়ে পিলখানায় যান তিনি। সেখানেও চলে ঈদের শুভেচ্ছা বিনিময়।

এদিকে, ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে উত্তরবঙ্গের তিন লোকসভা কেন্দ্র, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহারে তুঙ্গে উঠেছে নির্বাচনী প্রচার।

আজ কোচবিহারের দিনহাটা ও আলিপুরদুয়ারের জয়গাঁয় সভা করবেন তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। গতকালই তিনি চালসা পৌঁছে যান। দলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী আজ সভা করবেন ধুপগুড়িতে

oooooooooooooooooooo

বিভিন্ন জায়গায় ঘুরে নিজের জন্ম ভূমিতে ফিরলে যাযাবরের যেরকম অনুভুতি হয়, সে রকমই অনুভূতি হচ্ছে বলে জানালেন, আসানসোল লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী সুরিন্দার সিং আলুওয়ালিয়া। গতকাল বিকেলে দিল্লি থেকে অন্ডাল বিমানবন্দরে নেমে সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন তিনি। গত বুধবার তাঁর নাম আসানসোলের প্রার্থী হিসেবে ঘোষণ করে বিজেপি। বর্ধমান দুর্গাপুর কেন্দ্রের বিদায়ী সাংসদ বলেন, এই লড়াই বিজেপির সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাসের সঙ্গে তৃনমুল কংগ্রেসের তুষ্টিকরন, সন্ত্রাস, লুট, মহিলাদের উপর অত্যাচারের রাজনীতির।

oooooooooooooooooooo

সন্দেশখালির সমস্ত অভিযোগ নেবার জন্য কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে সিবিআই একটি ই-মেল আই ডি চালু করেছে।

Sandeshkhali@cbi.gov.in-এ জোর করে জমি দখল, মহিলাদের ওপর নির্যাতন সহ সমস্ত অভিযোগ জানাতে পারবেন সন্দেশখালির মানুষ।

উত্তর ২৪ পরগনার জেলাশাসককে এই ই-মেল আই ডি সম্পর্কে প্রচার করার অনুরোধ জানিয়েছে সি বি আই।

উল্লেখ্য, গত বুধবার হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ সন্দেশখালির সমস্ত অভিযোগের  তদন্তভার সি বি আই-এর হাতে তুলে দেয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি লাগাতার ইডি, সিবিআইকে ব্যবহার করে সবাইকে ভয় দেখানোর ফলে মানুষের কাছে কেন্দ্রীয় এজেন্সির গুরুত্ব কমে যাচ্ছে বলে তৃণমূল কংগ্রেস নেতা, রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম মন্তব্য করেছেন। তাঁর কটাক্ষ, ট্রাফিক পুলিশকে যেমন মানুষ মানতে চায় না, তেমনই ইডি ,সিবিআইকেও আর কেউ ভয় পায় না। কেন্দ্রীয় এজেন্সির কাজের নিট ফল কিছু নেই। ধর্মীয় মেরুকরণ করে বিজেপি এ রাজ্যে আগেও ভোটে জিততে পারেনি এখনো পারবেনা বলেও ফিরহাদ হাকিমের দাবি।

০০০০০০০০০০০০০০০০০০০০

আর্থিক অনিয়ম সহ বিভিন্ন বিষয়ে অস্বচ্ছতার অভিযোগ ওঠায় রাজ্য সরকার, বি এড বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে তদন্ত কমিটি গঠন করেছে। প্রাক্তন উপাচার্য আশুতোষ ঘোষের নেতৃত্বে রাজ্য শিক্ষা দপ্তর গঠিত এই কমিটিকে দ্রুত রিপোর্ট জমা দিতে বলা হয়েছে বলে খবর। অন্যদিকে রাজ্যের এই কমিটি গঠনকে চ্যালেঞ্জ জানিয়ে আদালতের দ্বারস্থ

হয়েছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। উল্লেখ্য, পরিকাঠামোর অভাব ইত্যাদি নানা অভিযোগে ঐ বিশ্ববিদ্যালয়, গত নভেম্বরে রাজ্যের ২৫৩টি বি এড কলেজের অনুমোদন বাতিল করে। শর্ত পূরণ করায় পরে অবশ্য ছাত্র ভর্তির অনুমতি পায় এর মধ্যে ২২০ টি কলেজ।

oooooooooooooooooooo

দক্ষিণ চব্বিশ পরগনার ফলতার একটি সরকারী হোমে, সহপাঠীদের নির্যাতনে তৃতীয় শ্রেণীর পড়ুয়া এক শিশুর গুরুতর অসুস্থ হয়ে পড়ার অভিযোগ নিয়ে তোলপাড় শুরু হয়েছে। কলকাতার এসএসকেএম হাসপাতালের আইসিইউয়ে শিশুটি চিকিৎসাধীন। গতকাল তাকে দেখতে যান রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশন এবং জনশিক্ষা প্রসার দপ্তরের সদস্য ও আধিকারিকরা। জেলাশাসককে গোটা ঘটনার তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে।

জানা গেছে, গত শনিবার রাতে মহিরামপুর শিশু কানন ওয়েল ফেয়ার হোম নামে ঐ শিশু আবাসের পক্ষ থেকে পড়ুয়াকে ফলতা ব্লক হাসপাতালে ভর্তি করা হয়। বাড়িতে ফোন করে তার অসুস্থতার কথা জানানো হলে রাতেই শিশুটির বড় দিদি তাকে হাসপাতাল থেকে নিয়ে যায় স্থানীয় একটি বেসরকারি নার্সিংহোমে। অবস্থার অবনতি হলে সোমবার সকালে ডায়মন্ড হারবার মেডিকেল কলেজ হাসপাতালে তাকে স্থানান্তরিত করা হয়। মঙ্গলবার দুপুরে সেখান থেকে নিয়ে যাওয়া হয় এসএসকেএম হাসপাতালে। পরিবারের অভিযোগ, তক্তপোষ থেকে পড়ে ছেলেটির পায়ে আঘাত লাগে বলে হোম কর্তৃপক্ষ জানালেও তার সর্বাঙ্গে ছিল কালসিটের দাগ। গোপনাঙ্গ

থেকে রক্তক্ষরণ হচ্ছিল। সংক্রমণ ছড়িয়েছে গোটা শরীরে। সহপাঠীদের বেধড়ক মারধরেই তার এই অবস্থা বলে দাবি পরিবারের।

গত সপ্তাহে বছর নয়েকের বাচ্চাটির বাড়ি থেকে আসা খাবারের ভাগ চাওয়া নিয়ে ঘটনার সূত্রপাত বলে খবর। প্রথমে পরিবারের কাউকে কিছু জানানো হয়নি। হোমেই তার চিকিৎসার ব্যবস্থা করা হয়। পরে বেগতিক বুঝে নিয়ে যাওয়া হয় হাসপাতালে। জনশিক্ষা প্রসার দপ্তরের অধীন হোমটির কর্তৃপক্ষের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ এনে ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত দাবি করেছে পরিবার।

oooooooooooooooooooo

মানসিক ভারসাম্যহীন এক মহিলাকে তুলে নিয়ে গিয়ে ধর্ষণের অভিযোগে পূর্ব  বর্ধমানের রায়না থানার পুলিস, শারুক হোসেন নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। তার বাড়ি রায়না থানার সুলতানবাদে। ধৃতকে গতকাল বর্ধমান সিজেএম আদালতে পেশ করা হলে বিচারবিভাগীয় হেফাজতে পাঠিয়ে ২৫ এপ্রিল ফের আদালতে পেশের নির্দেশ দেওয়া হয়। তার মেডিক্যাল পরীক্ষা করানোরও নির্দেশ দেওয়া হয়েছে।

ooooooooooooooooooooo

কোটি টাকার সোনা সহ শিলিগুড়িতে রাজস্ব গোয়েন্দা বিভাগ - ডিআরআইয়ের হাতে তিনজন ধরা পড়েছে। উদ্ধার হয়েছে ১২টি সোনার বিস্কুট। প্রথমে গ্রেপ্তার হয় কোচবিহারের বিধুভূষণ রায়। তাকে জেরা করে খোঁজ মেলে বিহারের বাসিন্দা দিনেশ পারিক ও মনোজ কুমার সিনহার। ধৃতদের কাছে পাওয়া গেছে নগদ প্রায় ৮২লক্ষ টাকা।

oooooooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরের বেলদায় পেয়াঁজের বস্তার আড়ালে নিয়ে যাওয়া দেড় কোটি টাকার গাঁজা উদ্ধার করেছে রাজ্য পুলিশের এস টি এফ। গ্রেফতার হয়েছে ৫ জন।

ooooooooooooooooooooo

আইএসএলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট ৪-০ গোলে ব্যাঙ্গালুরু এফসিকে হারিয়ে লিগ শিল্ড জয়ের সম্ভাবনা উজ্জ্বল করেছে। ব্যাঙ্গালুরুর কান্তিরাভা ষ্টেডিয়ামে গতকাল মোহনবাগানের পক্ষে ভিক্টর ইউসে, মনবীর সিং, অনিরুদ্ধ থাপা ও আরমান্ডো সাদিকু গোল করেন। ২১ ম্যাচে ৪৫ পয়েন্ট নিয়ে লিগ তালিকায় দ্বিতীয় স্থানে রইল মোহনবাগান। শীর্ষ স্থানে থাকা মুম্বই সিটি এফ সি মোহনবাগানের চেয়ে একটি ম্যাচ বেশি খেলে পেয়েছে ৪৭ পয়েন্ট। সোমবার যুব ভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান ও মুম্বাই সিটি এফ সি ম্যাচের ফলাফলের ওপর নির্ভর করবে কোন দলের হাতে উঠবে আইএসএল শিল্ড।

ooooooooooooooooooooo

দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ঝড়বৃষ্টির জন্য তাপমাত্রার পারদ নিম্নমুখী। আজ সকালে কলকাতায় সর্ব নিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৪ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে ১ ডিগ্রী কম। গতকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের তিন ডিগ্রী নীচে, ৩২ দশমিক তিন ডিগ্রী সেলসিয়াস। আজও আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকার সম্ভাবনা।

***OOOOOOOOOOOOOOO***

***OOOOOOOOOOOOOOOOO***